

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
আইসিটি শাখা  
www.mowca.gov.bd

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি : মুহাম্মদ ওয়াহিদুজ্জামান  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
তারিখ ও সময় : ২৮/০৬/২০২২ খ্রি. , বিকাল ৩.৩০ টা  
স্থান : অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাকক্ষ

উপস্থিতি: পরিশিষ্ট -ক

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির ইনোভেশন টিমের সদস্য সচিব প্রোগ্রামার, আইসিটি শাখাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী অনুযায়ী বক্তব্য শুরু করার অনুরোধ জানান। আলোচ্যসূচি মোতাবেক সদস্য সচিব সভায় জানান যে,


আলোচ্যসূচি: ২০২১-২০২২ অর্থবছরের বাস্তবায়িত ০৩ টি কর্মশালার সারমর্ম আলোচনা

আলোচনা: ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে 'চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ' শীর্ষক ০৩ টি কর্মশালা'র মধ্যে প্রথম ০২ টি মন্ত্রণালয়ের প্রথম শ্রেণীর কর্মকর্তাদের নিয়ে এবং পরবর্তী একটি দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাবৃন্দগণকে নিয়ে করা হয়েছে। কর্মশালা সমূহে আলোচক হিসেব এটুআই, ঢাকা বিশ্ব বিদ্যালয়ের শিক্ষক পর্যায়ের রিসোর্স পারসনগণ উপস্থিত ছিলেন এবং কর্মশালা সমূহে অংশগ্রহণ কারীগণ যথেষ্ট আগ্রহ সহকারে উপস্থাপনা সমূহ উপভোগ করেন। বিষয়টি সম্পর্কে মন্ত্রণালয় পর্যায়ে সকলেই একটি ভাল ধারণা এ পর্যায়ে রাখেন বলে সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন।

সিদ্ধান্ত: সভাপতি কর্মপরিকল্পনার আলোকে পরবর্তী বছরের কর্মশালা সমূহ বাস্তবায়ন করার প্রস্তুতি এখন থেকেই গ্রহণ করার জন্য প্রোগ্রামার, আইসিটি শাখাকে অনুরোধ জানান। এছাড়াও কর্মশালার পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন সমূহ সকলকে সংগ্রহ করতেও তিনি অনুরোধ জানান।

বাস্তবায়নকারী: প্রোগ্রামার, আইসিটি শাখা।

২। সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
৩০/৬/২২  
মুহাম্মদ ওয়াহিদুজ্জামান  
অতিরিক্ত সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ২) যুগ্মসচিব, পরিকল্পনা-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৩) যুগ্মসচিব, বাজেট ও অডিট অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৪) উপসচিব, উন্নয়ন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৫) উপসচিব, প্রশাসন-১ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৬) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (মহোদয়ের সদয় অবগতির জন্য)

ইনামুল হক

৩০/০৬/২২

মোঃ ইনামুল হক  
প্রোগ্রামার